



জিয়ার স্বপ্ন বাস্তবায়নে কাজ করছে বিএনপি: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি একটি উদার গণতান্ত্রিক রাজনৈতিক দল, এটিকে অন্য কোনো কাঠামোর সঙ্গে মিলিয়ে দেখার সুযোগ নেই বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

রোববার (১৪ জুন) জাতীয় প্রেসক্লাবে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

আলোচনায় জিয়াউর রহমানের রাজনৈতিক ভূমিকার কথা তুলে ধরে ফখরুল বলেন, দেশের উন্নয়ন ও রাষ্ট্র গঠনে তার অবদান ছিল গুরুত্বপূর্ণ। তিনি আরও কিছু সময় নেতৃত্ব দেওয়ার সুযোগ পেলে বাংলাদেশ আরও এগিয়ে যেতে পারত বলেও মন্তব্য করেন।

বিএনপি মহাসচিবের দাবি, অতীতে বিভিন্নভাবে জিয়াউর রহমানকে বিতর্কিত করার চেষ্টা হয়েছে। তবে সময়ের সঙ্গে তার অবদান আরও স্পষ্ট হয়ে উঠেছে।

তারেক রহমানের নেতৃত্বের প্রসঙ্গ টেনে তিনি বলেন, বর্তমান প্রজন্মের সামনে নতুন সম্ভাবনা তৈরি হয়েছে। তার নেতৃত্বে দেশ এগিয়ে যাবে বলে বিএনপি আশাবাদী।